

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 08-01-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

CM Relief Fund :

রাজ্য সরকার গত আগস্ট মাসে বন্যায় ক্ষয়ক্ষতি মেটাতে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে অতিরিক্ত ১৩ কোটি টাকা মণ্ডেজুর করেছে। এ নিয়ে মোট ২৫ কোটি টাকা মনজুর করা হল। ক্ষতিগ্রস্ত এলাকায় রাজস্ব দপ্তরের মাধ্যমে এই অর্থ ব্যয় করা হবে।

BHARATPOL :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল নতুনদিল্লিতে সেন্ট্রাল বুরো অফ ইনভেস্টিগেশন (CBI) দ্বারা তৈরি ভারতপোল পোর্টাল চালু করেছেন। তিনি বলেন, ভারতপোল আন্তর্জাতিক তদন্তকে নতুন যুগে নিয়ে যাবে। তিনি বলেন, এখন থেকে তদন্তকারী সংস্থাগুলি প্রয়োজনীয় তথ্য পেতে ইন্টারপোলের সঙ্গে যোগাযোগ করতে পারবে। এটি মাদক পাচার, অস্ত্র চোরাচালান, সন্ত্রাস-সংক্রান্ত অপরাধ এবং মানব পাচার সংক্রান্ত মামলা মোকাবেলায় সহায়তা করবে বলেও তিনি জানিয়েছেন।

TCS to IAS :

রাজ্য ক্যাডারের নয়জন আধিকারিক আইএএস আধিকারিক হিসেবে উন্নীত হয়েছেন। এর মধ্যে সাত জন টিসিএস থেকে আইএএস আধিকারিকে উন্নীত হলেন। দুইজন টিসিএস বহির্ভূত আধিকারিকও আইএএস আধিকারিকে উন্নীত হয়েছেন। তারা হলেন, অজিত শুল্কদাস, মানিকলাল দাস, দেবানন্দ

রিয়াং, অদিতি মজুমদার, সত্ত্বেষ দাস, ধনবাবু রিয়াং, দশরথ দেববর্মা, মিহিরকান্তি গোপ ও উপেন্দ্র জমাতিয়া।

HMPV :

কেন্দ্রীয় স্বাস্থ্যসচিব পুণ্যসলিলা শ্রীবাস্তব জোর দিয়ে বলেছেন, হিউম্যান মেটানিউমোভাইরাস (এইচ এম পি ভি) থেকে উদ্বেগের কোনও কারণ নেই। রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সঙ্গে ভার্চুয়াল বৈঠকে স্বাস্থ্য সচিব দেশে শ্বাসকষ্টজনিত অসুস্থতার বর্তমান পরিস্থিতি এবং এই সংক্রান্ত ব্যবস্থাপনা সহ এই ভাইরাসের বর্তমান অবস্থা পর্যালোচনা করেন। তিনি রাজ্যগুলিকে ইনফ্লুয়েঞ্চার মতো অসুস্থতা এবং গুরুতর শ্বাসযন্ত্রের সংক্রমণের ক্ষেত্রে নজরদারি জোরদার ও পর্যালোচনা করার পরামর্শ দিয়েছেন।

Delhi Election :

নির্বাচন কমিশন ৭০ সদস্যের দিল্লি বিধানসভা নির্বাচনের নির্ঘন্ট ঘোষণা করেছে। আগামী ৫ই ফেব্রুয়ারি ভোটগ্রহণ করা হবে এবং ৮ই ফেব্রুয়ারি ভোট গণনা করা হবে। গতকাল নতুনদিল্লিতে মুখ্য নির্বাচন কমিশনার বাজীব কুমার বলেছেন, এই নির্বাচনের জন্য ১০ই জানুয়ারি বিজ্ঞপ্তি জারি করা হবে এবং মনোনয়ন জমা দেবার শেষ তারিখ ১৭ই জানুয়ারি।

TBSE-Online Form Fill :

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার জন্য অনলাইনে আবেদনপত্র পূরণ শুরু হবে আগামী ১০ই জানুয়ারি থেকে। শেষ হবে ৩১শে জানুয়ারী বিকাল ৫টায়। পর্ষদের সচিব ডঃ দুলাল দে এখবর জানিয়েছেন।

Sushanta Chowdhury-Meeting :

রাজ্যে পর্যটন বিকাশে পর্যটন ও বন দপ্তর যৌথভাবে নতুন কিছু পরিকল্পনা গ্রহনের সিদ্ধান্ত নিয়েছে। গতকাল সচিবালয়ে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে অনুষ্ঠিত এক বৈঠকে এ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তিনি বলেন, বনভিত্তিক পর্যটন আদিবাসী সম্প্রদায় এবং অনুন্নত জনগোষ্ঠীর জন্য গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সুবিধা তৈরি করতে পারে। বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বনমন্ত্রী অনিমেষ দেৱৰ্মা, পর্যটন সচিব উত্তম কুমার চাকমা, অধিকর্তা প্রশান্ত বাদল নেগী ও বন দপ্তরের পিসিসিএফ রবীন্দ্র কুমার শ্যামল।

N.S.S Spl. Camp :

কৈলাশহরের ভগিনী নিবেদিতা দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে গতকাল থেকে শুরু হয়েছে সপ্তাহব্যাপ্তি জাতীয় সেবা প্রকল্প বা N.S.S এর বিশেষ শিবির। এর উদ্বোধন করেন, কৈলাশহর রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদক স্বামী গিরিজানন্দজী মহারাজ। সাতদিনের কর্মসূচির মধ্যে রয়েছে, স্বাস্থ্য শিবির, সমীক্ষা, বৃক্ষরোপণ, সাফাই অভিযান প্রভৃতি।

Annual Meeting :

কুমারঘাট প্রাইমারি কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি'র ৬৫তম বার্ষিক সাধারণ সভা গতকাল অনুষ্ঠিত হয়। উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ সভার সূচনা করে সমবায়ের মাধ্যমে সমৃদ্ধি ও বিকশিত ভারত গঠনে সমবায়ের ভূমিকা নিয়ে আলোকপাত করেন। উপস্থিত ছিলেন কুমারঘাট পুর পরিষদের চেয়ারম্যান বিশ্বজিৎ দাস, সোসাইটি'র চেয়ারম্যান শিবেন্দু ঘোষ প্রমুখ।

Santirbazar Cricket Association :

শান্তিরবাজার মহকুমা ক্রিকেট এসোসিয়েশনের উদ্যোগে গতকাল
বাইখোড়া কমিউনিটি হলে পুরস্কার বিতরনী ও সংবর্ধনা অনুষ্ঠানের
আয়োজন করা হয়। অনুষ্ঠানে ২০১৯-২০ সাল থেকে ২০২৩-
২৪ সাল পর্যন্ত মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত বিভিন্ন
প্রতিযোগিতায় বিজয়ীদের প্রাইজমানি ও ট্রফি প্রদান করা হয়।
তাছাড়া পতিছড়ির উদীয়মান ক্রিকেটার মণিশংকর মুড়াসিং ও
প্রাক্তন ক্রিকেটার সুকান্ত রিয়াংকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা
পড়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ২৮ ডিগ্রী সেলসিয়াস
এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।
